

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ অক্টোবর'২০২৩খ্রি.

জন্ম-মৃত্যু নিবন্ধনে সঠিকতা নিশ্চিত করতে হবে: মেয়র রেজাউল

জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। 'জন্ম ও মৃত্যু নিবন্ধন করি নাগরিক অধিকার নিশ্চিত করি' এই প্রতিপাদ্যে শুক্রবার সকালে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার আগে চসিক কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন সহকারীগণ ওয়ার্ড পর্যায়ে নিবন্ধন কাজ করতে গিয়ে যেসব সমস্যা মোকাবিলা করতে হচ্ছে তা তুলে ধরেন।

সভায় প্রধান অতিথির হিসেবে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, জন্ম-মৃত্যু নিবন্ধনে সঠিকতা নিশ্চিত করতে হবে। বিশেষ করে অনেক সময় প্রভাবশালী ব্যক্তির ভূমি দখল, চাকরির বয়স বৃদ্ধিসহ নানা স্বার্থে জন্ম-মৃত্যু নিবন্ধনে জালিয়াতির চেষ্টা করে। এ ধরনের জালিয়াতি শাস্তিযোগ্য অপরাধ তাই এধরনের যে কোন অপচেষ্টা প্রতিহত করতে হবে।

সভায় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন চৌধুরী, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর মো. ইলিয়াস, স্বাস্থ্য বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর জহর লাল হাজারী, কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, আবুল হাসনাত মোহাম্মদ বেলাল, আবদুস সালাম মাসুম, আনজুমান আরা। প্রধান শিক্ষা কর্মকর্তা লুতফুন নাহারের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, উপ-সচিব আশেক রসুল টিপু, ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা মো. ইমাম হোসেন রানা, নির্বাহী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের, জোনাল মেডিকেল অফিসার ডা. সুমন তালুকদার। অনুষ্ঠানে সঞ্চালনা করেন প্রোগ্রামার মো. ইকবাল হাসান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮